ব্যবস্থাপত্র অনুযায়ী ব্যবহার্য

সিপ্রো-এসপি (ভেট) বোলাস
Cipro-SP (Vet) Bolus
(সিপ্রোফ্লক্সাসিন হাইড্রোক্লোরাইড ইউএসপি)

কার্যকরী উপাদানঃ
প্রতি বোলাসে রয়েছে-
সিপ্রোফ্লক্সাসিন হাইড্রোক্লোরাইড ইউএসপি ১১৬৪.৪০ মি.গ্রা.
(যা ১০০০.০০ মি.গ্রা. সিপ্রোফ্লক্সাসিনের সমতুল্য)

বিবরণঃ সিপ্রো-এসপি (ভেট) বোলাস ফ্লুরোকুইনোলন ডেরিভেটিভস্ বিস্তীর্ণ বর্ণালী ক্ষমতা সম্পন্ন এন্টিমাইক্রোবিয়াল যৌগ যা কৃত্রিমভাবে তৈরি হয়ে থাকে।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ সিপ্রো-এসপি (ভেট) বোলাস হচ্ছে সেকেন্ড জেনারেশন ফ্লুরোকুইনোলন গ্রুপের বিস্তীর্ণ বর্ণালী ব্যাকটেরিওসাইডাল এন্টিবায়োটিক। **সিপ্রো-এসপি (ভেট) বোলাস** ব্যাকটেরিয়ার ডি.এন.এ জাইরেজ এনজাইমকে (স্পেশালি টাইপ-২ টপোআইসোমারেজ এনজাইম) বাধা প্রদান করে, যার কারণে ব্যাকটেরিয়ার ডি.এন.এ সঠিকভাবে গঠন হয় না। ফলে ব্যাকটেরিয়ার বৃদ্ধি ব্যহত হয় এবং মৃত্যু ঘটে। **সিপ্রো-এসপি (ভেট) বোলাস** প্রয়োগ করার ১-২ ঘন্টার মধ্যেই রক্তের সর্বোচ্চ প্লাজমা লেভেলে পৌছায়। কিছু কিছু ব্যাকটেরিয়ার উপর **সিপ্রো-এসপি (ভেট) বোলাস** এর দীর্ঘমেয়াদী পোষ্ট এন্টিবায়োটিক ইফেক্ট রয়েছে, যার ফলে রোগটি পুনরায় হওয়ার সম্ভাবনা কমে যায়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ সিপ্রো-এসপি (ভেট) বোলাস ব্যাকটেরিয়া ও মাইকোপ্লাজমা ঘটিত প্রায় সকল রোগ যেমন-কলিব্যাসিলোসিস, সালমোনেলোসিস, সি.আর.ডি, মাইকোপ্লাসমোসিস, ইনফেকশিয়াস করাইজা, প্যাশ্চুরেলোসিস, স্ট্রেপটোকক্কোসিস. ষ্টেফাইলোকক্কোসিস, মেস্টাইটিস, ফুট রট, মেট্রাইটিস এবং অন্ত্রনালির ইনফেকশন বা এন্টারাইটিস (যা গ্রাম পজিটিভ ও গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া দ্বারা হয়) ইত্যাদির বিরুদ্ধে কাজ করে। এছাড়া রোগ সৃষ্টিকারী অন্যান্য ব্যাকটেরিয়া যেমন-ক্লেবসিয়েলা, শিজেলা, ইয়ারসিনিয়া, এরোমোনাস, প্রোটিয়াস, সিউডোমোনাস, নিজারিয়া, ক্যাম্পাইলোব্যাক্টর ইত্যাদির উপরও **সিপ্রো-এসপি (ভেট) বোলাস** দারুণ কার্যকর। এ ছাড়াও **সিপ্রো-এসপি (ভেট) বোলাস** গামবোরো ও রাণীক্ষেত রোগে আক্রান্ত মুরগির সেকেন্ডারী ব্যাকটেরিয়াল ইনফেকশন দূর করে যার ফলে মুরগির মৃত্যুর হার কমায়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
গবাদি প্রাণি: প্রাপ্তবয়স্ক গবাদি প্রাণির জন্য দৈনিক ১-২ টি বোলাস ৩-৫ দিন।
পোল্ট্রি: চিকিৎসায়: ১ টি বোলাস ১০-২০ লিটার পানিতে মিশিয়ে ৩-৫ দিন।
রোগ প্রতিরোধে: ১ টি বোলাস ৪০-৮০ লিটার পানিতে মিশিয়ে ৩-৫ দিন।
অথবা রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।
"শুধুমাত্র রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিক্রয়/সেবনযোগ্য"।
"ব্যবস্থাপত্রে উল্লেখিত পরিমাণের অধিক ব্যবহার করা যাবে না"।
"রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ মোতাবেক এন্টিবায়োটিকের Full Course সম্পন্ন করুন"

প্রতিনির্দেশনাঃ সিপ্রোফ্লক্সাসিন ক্লোরামফেনিকল, ম্যাক্রোলিড বা টেট্রাসাইক্লিন এর সাথে একত্রে ব্যবহার করা উচিত নয়।

গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে ব্যবহারঃ নির্ধারিত মাত্রায় গর্ভাবস্থায় এর কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। **সিপ্রো-এসপি (ভেট) বোলাসের** কোন এমব্রায়োনিক টক্সিসিটি বা টেরাটোজেনিক ক্রিয়া নেই।

সতর্কতাঃ সন্দেহজনক বা জ্ঞাত কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র জটিলতায় আক্রান্ত গবাদি প্রাণি বা হাঁস-মুরগি-তে সতর্কতার সাথে ব্যবহার করা উচিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ সিপ্রোফ্লক্সাসিন ক্লিনিক্যালি অত্যন্ত সহনীয় এন্টিবায়োটিক। এছাড়া সাধারণ প্রতিক্রিয়া হিসাবে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে জটিলতা, পরিপাকতন্ত্রে গন্ডগোল, হেমাটুরিয়া, হেপাটোটোক্সিসিটি, ডায়রিয়া ইত্যাদি দেখা দিতে পারে।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ থিওফাইলিন এর সাথে সিপ্রোফ্লক্সাসিন একত্রে ব্যবহারের ফলে রক্তে থিওফাইলিনের লেভেল বৃদ্ধি পেতে পারে। ক্যাফেইন বিপাকে-ও প্রভাব ফেলতে পারে।

প্রত্যাহারকালঃ মাংস-৭ দিন, ডিম- প্রযোজ্য নহে।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ৫×৪, ১০×২ এবং ১০×৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।

শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য

প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com